# ৫নং শশরা "ইউনিয়ন উন্নয়ন সমম্বয় সভার" জুন/২৩ মাসের সভার কার্যবিবরনী।

সভাপতি- মোকছেদ আলী

চেয়ারম্যান

৫নং শশরা ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখঃ ০৬-০৬-২০২৩ইং

সভার সময়ঃ মঙ্গলবার, সকাল ১২:০০ ঘটিকায়।

সভার স্থানঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয় এবং সভাপতি মহোদয় ইউ,পি সচিবকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। ইউ,পি সচিব সকলকে শ্রেণীভেদে সালাম ও আদাবসহ শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচন ঃ- **১** গত সভার কার্য বিবরনী গঠন ও অনুমোদনঃ- সভার শুরুতেই গত সভার কার্যবিবরনী ইউ,পি সচিব উপস্থিত সকলকে পাঠ করে শোনান।

সিদ্ধান্তঃ- কার্যবিবরনী পাঠ অন্তে কোন সংশোধন প্রয়োজন না থাকায় সর্বসম্মত ভাবে গৃহিত ও অনুমোদিত হয়।

২.১ **কৃষি বিভাগঃ** উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ নূরনবী জানান যে, চলতি মৌসুমে বোরো ধানে বিপিএইচ (BPH) ও ব্লাস্ট রোগ নিয়ন্ত্রণে রাখার জন্য বোরো ধান লাইনে ও লোগোবো পদ্ধতিতে রোপন এবং জৈব সার ব্যবহার করার জন্য কৃষকগণের মাঝে পরামর্শ দেয়া হচ্ছে। এছাড়া তিনি আরও জানান, আলুর লেট ব্লাইট রোগ প্রতিরোধ সম্পর্কে কৃষকগণের মাঝে পরামর্শ প্রদান করা হচ্ছে। সরিষার রোগ বালাই ও পোকা মাকড় নিয়ন্ত্রণে মাটি পরীক্ষা করার জন্য কৃষকদের পরামর্শ দেয়া হচ্ছে। উক্ত রোগের জন্য অত্র ইউনিয়নে তিনজন উপ-সহকারী কৃষি কর্মকর্তা দায়িত্বরত আছে, তাদের সাথে যোগাযোগ রাখার জন্য সভামধ্যে অনুরোধ করিলেন মর্মে জানান।

সিদ্ধান্তঃ অত্র ইউ,পি'র দায়িত্বে নিয়োজিত উপ-সহকারী কর্মকতাদের কার্যক্রম সন্তোষজনক। তাদের কৃষি জমি পরিদর্শনসহ কৃষকদের নিয়ে পরামর্শ সভা করার জন্য অনুরোধ করা হয় এবং কৃষকগণ যেন ইউ,পি কার্যালয়ে এসে রোগ নির্ণয় এবং সঠিক সময়ে সার প্রয়োগের জন্য কৃষকদের পরামর্শ দেওয়ার জন্য অনুরোধ করা হয়।

২.২ **প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (SALO) মোঃ ইউসুফ আলী জানান যে, বর্তমানে গবাদসী পশুর লাম্পি রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে এবং অত্র ইউনিয়নে ক্ষুরা রোগ-**১৬**টি এবং লাম্পি-৪৬টি গবাদী পশুর চিকিৎসা দেয়া হয়েছে। এছাড়াও তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই।

সিদ্ধান্তঃ লাম্পি রোগ ও ক্ষুরা রোগের চিকিৎসা সহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ভিএফএ কে অনুরোধ করা হয়।

২.৩। **মৎস্য বিভাগ ঃ** লীফ ইউনিয়ন প্রতিনিধি শ্রী জ্যোতিষ চন্দ্র রায় সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম বিষয় অবহিত হওয়া গেল না।

সিদ্ধান্ত ঃ শ্রী জ্যোতিষ চন্দ্র রায়'কে আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তরের তথ্যাদি জানাতে অনুরোধ করা হইল।

২.৪ **স্বাস্থ্য বিভাগ ঃ** স্বাস্থ্য পরিদর্শক ও সহকারী স্বাস্থ্য পরিদর্শক উভয়ে সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম বিষয় অবহিত হওয়া গেল না।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় স্বাস্থ্য পরিদর্শক ও সহকারী স্বাস্থ্য পরিদর্শক উভয়কে উপস্থিত সহ তার তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করা হইল।

২.৫ **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার মোছাঃ সোহানা আফরোজ জানান যে, মা ও শিশুদের জন্য যে সমস্ত ওষুধ আসে তার স্বল্পতা রয়েছে। তাতে প্রয়োজন অনুযায়ী মানুষের চাহিদা মেটানো যায় না। ইউনিয়নের বিভিন্ন এলাকায় হাম রুবেলা ক্যাম্পেইন চলছে। তার দপ্তরে যখন ওষুধ আসে সে সমস্ত ওষুধের প্যাকেট খোলার সময় ইউ.পি চেয়ারম্যান বা তার প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করিলেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম চলছে, কোন সমস্যা নাই।

সিদ্ধান্ত ঃ সেবার মান বাড়াতে এবং আরও যত্নবান হতে সকলকে অনুরোধ করেন এবং ক্যাম্পেইনের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণের বিষয়ে জনগণকে আরও সচেতন করতে সভামধ্যে অনুরোধ করা এবং ওষুধের প্যাকেট খোলার সময় ইউ.পি চেয়ারম্যান, ইউপি সদস্য বা তার প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

২.৬। **সমাজসেবা বিভাগঃ** ইউনিয়ন সমাজকর্মী সভায় জানান যে, অত্র ইউনিয়নে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী যথাক্রমে ৮**১২** জন, ৪৩৮ জন ও ৪০১ জন রয়েছে। উক্ত ভাতাভোগীদের মধ্যে বয়স্ক- ৬৬২জন, বিধবা- ৩৯০ ও প্রতিবন্ধী - ২৫৩ জনের এমআইএস তথ্য অন্তর্ভূক্ত করা হয়েছে। অবশিষ্টদের এমআইএস তথ্য অন্তর্ভূক্ত করার জরুরি তাগিদ দেন। তিনি আরও জানান সমাজসেবা হতে যারা ঋণ গ্রহণ করেছে, ঋণের টাকা বা কিস্তি দিচ্ছে না, ঋণখেলাপি হয়েছেন, তাদের টাকা উত্তোলনের জন্য সহযোগীতা চান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে কোন সমস্যা নাই।

সিদ্ধান্ত ঃ ভাতা ভোগীদের এমআইএস করার জন্য সকল ইউপি সদস্য ও ভাতাভোগীদের জানান সিদ্ধান্ত গৃহিত হয়।

২.৮। **আনসার ও ভিডিপি ঃ** আনসার ভিডিপি কমান্ডারকে এলাকার আইন শৃঙ্খলার দায়িত্ব সঠিক ভাবে পালনে নিয়মিত তাদের অফিস রুমে বসার জন্য বলা হয়।

সিদ্ধান্ত ঃ আনসার ভিডিপি কমান্ডারকে এলাকার আইন শৃঙ্খলার দায়িত্ব সঠিক ভাবে পালন করার জন্য বলা হলো।

২.৭। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ** নলকূপ মেকানিক, সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম বিষয় অবহিত হওয়া গেল না।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তরের তথ্যাদি জানাতে অনুরোধ করা হল।

২.৮। **ক) শিক্ষা বিভাগ ঃ** সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল না।

চলমান পাতা-২

সিদ্ধান্ত ঃ আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তরের তথ্যাদি প্রদান করতে অনুরোধ করা হল।

খ) প্রাথমিক বিদ্যালয় প্রতিনিধিঃ প্রাথমিক বিদ্যালয় প্রতিনিধি হিসাবে সভাপতি সাহেব সভায় জানান তার বিদালয়ের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। কোন সমস্যা নাই।

সিদ্ধান্ত ঃ তার বিদ্যালয়ের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচারনার জন্য অনুরোধ করা হল।

গ) মাধ্যমিক বিদ্যালয় প্রতিনিধিঃ মাধ্যমিক বিদ্যালয় প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল না।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তরের তথ্যাদি প্রদান করতে অনুরোধ করা হল।

২.৯। **ম্যারিজ রেজিষ্টার (কাজী) ঃ** ইউ,পি ম্যারেজ রেজিষ্টার (কাজী) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল না।

সিদ্ধান্তঃ আগামী সভায় উপস্থিত থেকে তার বিভাগীয় কার্যক্রম অবগত করার জন্য অনুরোধ করা হল।

২.১০। **এনজিও প্রতিনিধিঃ** এনজিও প্রতিনিধি মো: এনামুল হক সভায় জানান তার বিবাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে কোন সমস্যা নাই।

সিদ্ধান্তঃ তার বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হল।

২.১২। **বিবিধ ঃ**

ইউ'পি সদস্য, ৯ নং ওয়ার্ড জনাব, মোঃ হুমায়ুন কবীর আনাফ জানান যে, ফুলতলা বাজার, পাঁচবাড়ী হাট ও কাউগাঁ বাজারে গরু রাতে জবাই করা হয়। রাতে জবাই না করে যেন দিনে গ্রাম পুলিশের উপস্থিতিতে জবাই করা হয় এ বিষয়ে সভায় আলোচনা করেন। তিনি আগামী সভায় স্যানেটারী ইন্সপেক্টর ও ভেটেরিনারী  ইন্সপেক্টরকে উপস্থিত থাকার অনুরোধ করেন।

এছাড়া ইউপি সচিব মো: আনোয়ার সাদাত জানান জন্ম মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে পিতা মাতার জাতীয় পরিচয় পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন এবং বয়স প্রমাণ সঠিকভাবে যাচাই বাছাইয়ের জন্য আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ রাতে গরু বা পশু জবাই না করে বাজারে সূর্য উদয় হওয়ার পর গ্রাম পুলিশের উপস্থিতিতে জবাই করা হয় এবং জন্ম-মৃত্যু নিবন্ধন স্থায়ী ঠিকানা যাচাই করে ইউপি সদস্য বা সদস্যাগণ প্রত্যয়ন করেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আগামী সভায় সকলকে নিজ নিজ দপ্তরের তথ্যাদি সহ যথাসময়ে উপস্থিত হওয়ার অনুরোধ করিলেন ও সভার কাজ সমাপ্ত ঘোষনা করিলেন।

মোকছেদ আলী
সভাপতি
ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
৫ নং শশরা ইউপি
দিনাজপুর সদর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৫নং শশরা ইউনিয়ন পরিষদ কার্যালয়
উপজেলাঃ দিনাজপুর সদর, জেলাঃ দিনাজপুর।
ই-মেইলঃ shashora5no@gmail.com

স্মারক নং- শশরা/সদর/দিনাজ/ইউডিসিসি/২০২৩/৬৯ (৭৫)    তারিখ ঃ ০৮/০৬/২০২৩ইং

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। উপজেলা ---------------------------------------, দিনাজপুর সদর, দিনাজপুর।
২। জনাব ....................................................... ইউ.পি সদস্য, ৫ নং শশরা ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর।
৩। জনাব .......................................................... দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আনোয়ার সাদাত
ইউপি সচিব
ও
সদস্য-সচিব
ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।